

ঢাবি শহীদুল্লাহ্ হল অ্যালামনাইর নতুন আহ্বায়ক কমিটি ঘোষণা



মো. ইউনুস আলী ও মেজবাহ উদ্দিন আলী। ছবি-সংগৃহীত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ০৯ সেপ্টেম্বর ২০২৪ | ০০:৫৮

(-) (অ) (+)

সাবেক প্রধান বন সংরক্ষক মো. ইউনুস আলীকে আহ্বায়ক এবং বিশিষ্ট ব্যবসায়ী মেজবাহ উদ্দিন আলীকে সদস্যসচিব করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড. মুহাম্মদ শহীদুল্লাহ্ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

শুক্রবার ঢাকার উত্তরা ক্লাবে শহীদুল্লাহ্ হলের প্রাক্তন ছাত্রদের এক সম্মিলনীতে সদস্যদের সর্বসম্মতিক্রমে আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

এর আগে এক ভিডিও বার্তায় সদ্য সাবেক কমিটির সভাপতি বাহাদুর বেপারী এবং অনুষ্ঠানে উপস্থিত থেকে সাধারণ সম্পাদক ড. মো. সফিকুল ইসলাম পদত্যাগ করে বিদ্যমান কমিটি ভেঙে দেন। এরপর তারা উভয়েই আহ্বায়ক কমিটির সাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

সভায় উপস্থিত সদস্যগণ নবগঠিত কমিটির আহ্বায়ক এবং সদস্যসচিবকে আগামী পাঁচ দিনের মধ্যে পূর্ণসং আহ্বায়ক কমিটি ঘোষণা করার দায়িত্ব দেয়। কমিটি আগামী তিন মাসের মধ্যে ড. মুহাম্মদ শহীদুল্লাহ হলের প্রাক্তন ছাত্রদের সাথে যোগাযোগ করে গঠনতন্ত্র অনুসরণ করে সম্মেলনের মাধ্যমে নতুন কমিটি গঠনের অনুরোধ জানান।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আ ফ ম শাহরিয়ার, আনোয়ার হোসেন, জুয়েল, আয়জাজ আলী খোকন, স ম গোলাম কিবরিয়া, মোশাররফ হোসেন সোহেল, উত্তম কুমার, তানভীর আহমেদ, তপন, জাকির, শামীম, মো: সফিকুল ইসলাম, আজাদ, রফেল, ড. মাসুম রাবাণী, রোকনুজ্জামান প্রমুখ।